



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



অতীব জরুরী

নং- ৩৭.১৬.০০০০.০০৯.২৩.১৮-৯৮

তারিখ : ১৮/০২/২০১৮খ্রিঃ

বিষয় : “শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৮” যথাযোগ্য মর্যাদায় উদযাপন প্রসঙ্গে।

সূত্র : আন্ত: মন্ত্রণালয়ের ১৬.০১.২০১৮খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ২১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ ‘শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৮’ জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসার প্রধানকে বিশেষভাবে অনুরোধ করা হলোঃ

- দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের ভবনে ও বেসরকারি ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক মাপের জাতীয় পতাকা উত্তোলন করে অর্ধনমিত রাখা;
- ভাষা আন্দোলনের অমর শহীদদের স্মৃতির উদ্দেশ্যে শহীদ মিনারে পুষ্পস্তবক দিয়ে সম্মাননা জ্ঞাপন;
- স্কুল, কলেজ, মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের সমাবেশ, সাংস্কৃতিক অনুষ্ঠান, আবৃত্তি অনুষ্ঠান, নান্দনিক হস্তাক্ষর লেখা প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন; এবং
- শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য তুলে আলোচনা সভার আয়োজন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১০২১৬

প্রাপক : অধ্যক্ষ/সুপার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসা।

নং- ৩৭.১৬.০০০০.০০৯.২৩.১৮-৯৮(১৩)

তারিখ : ১৮/০২/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. জেলা প্রশাসক (সকল)।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা/ কুমিল্লা/ ময়মনসিংহ/ রাজশাহী/ সিলেট/ রংপুর/ খুলনা/ চট্টগ্রাম/ বরিশাল অঞ্চল।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৮. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
(পত্রটি বোর্ডের ওয়েব সাইটে জরুরী ভিত্তিতে প্রকাশ ও প্রচার করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
৯. জেলা শিক্ষা অফিসার (সকল)।
১০. সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা ময়মনসিংহ/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/চট্টগ্রাম/বরিশাল অঞ্চল।
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১২. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪